কী সেবা কীভাবে পাবেন

**কি সেবা কিভাবে পাবেন-**

ক) **মাদকদ্রব্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ লাইসেন্স প্রদানঃ**

খ) **মাদকদ্রব্য আমদানী/মাদকদ্রব্য জাতীয় ঔষধ রপ্তানীর লাইসেন্স প্রদানঃ**

গ) **মাদকদ্রব্য খুচরা বিক্রয়ের লাইসেন্স প্রদানঃ**

ঘ) **মাদকদ্রব্য ব্যবহারের পারমিট (লাইসেন্স) প্রদানঃ**

ঙ) **মদ বিক্রয়/মদ্যপানের বার লাইসেন্স প্রদানঃ**

চ) **খুচরা মদ বিক্রয়ের লাইসেন্স প্রদানঃ**

ছ)**খুচরা মদ বিক্রয়ের অফ লাইসেন্স প্রদানঃ** i) পৌর এলাকায় ii) অন্যান্য এলাকায়

জ)**প্রিকারসর কেমিক্যালস আমদানী/খুচরা বিক্রয়/ব্যবহারের পারমিট লাইসেন্স প্রদানঃ**

ঝ) **এ্যালকোহল উৎপাদন (ডিষ্টিলারী/বিউয়ারী) লাইসেন্স প্রদানঃ**

ঞ) **বেসরকারী মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র স্থাপনের লাইসেন্স প্রদানঃ**

৫। **সেবা ও ধাপ সমূহ (ডায়াগ্রামসহ):**

**লাইসেন্স প্রাপ্তির পদ্ধতিঃ**

* সকল লাইসেন্স (ডিনেচার্ড স্পিরিট ব্যতিত) প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে (ফরমটি**WWW.dnc.gv.bd (http://WWW.dnc.gv.bd)**ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে) মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে।

* মহা-পরিচালক কর্তৃক উপ-পরিচালককে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য আবেদন প্রেরণ।

* উপ-পরিচালক তদন্তপূর্বক প্রতিবেদন আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবেন।

* অতিরিক্ত পরিচালক কর্তৃক তদন্ত প্রতিবেদনটি মতামতসহ মহাপরিচালক বরাবরে প্রেরণ করবেন।

* মহা-পরিচালক মহোদয় কর্তৃক লাইসেন্স অনুমোদনপূর্বক ইস্যুর জন্য উপ-পরিচালকের নিকট প্রেরণ।

* আবেদনকারী কর্তৃক নির্ধারিত লাইসেন্স ফি (সিটিজেন চার্টারে উল্লেখিত) বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে মাদকশুল্ক খাতে (১-২২৭৩-০০০০-১০০১) জমা প্রদান পূর্বক চালানের মুলকপি উপ-আঞ্চলিক কর্মকর্তার নিকট জমা প্রদান করা হলে উপ-পরিচালক লাইসেন্স ইস্যু করবেন।

ক) **ডিনেচার্ড স্পিরিটের পাইকারী ও খুচরা বিক্রয়ের লাইসেন্স।**

লাইসেন্সের জন্য উপ-পরিচালক বরাবরে আবেদন করবেন।

* উপ-পরিচালক তত্বাবধায়ক/পরিদর্শককে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানাবেন।

* তত্বাবধায়ক/পরিদর্শক তদন্তপূর্বক প্রতিবেদন উপ-পরিচালক বরাবরে দাখিল করবেন।

* পুলিশ ভেরিফিকেশন প্রাপ্তি সাপেক্ষে আবেদনকারী নির্ধারিত লাইসেন্স ফি (সিটিজেন চার্টারে উল্লেখিত) বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে মাদকশুল্ক খাতে (১-২২৭৩-০০০০-১০০১) জমা প্রদান পূর্বক চালানের মুলকপি উপ-আঞ্চলিক কর্মকর্তার নিকট জমা প্রদান করলে উপ-পরিচালক লাইসেন্স ইস্যু করবেন।

খ) **মাদকদ্রব্য বহন-পরিবহন পাস (ডেঞ্জারাস ড্রাগস)**

* বহন/পরিবহন পাশ প্রাপ্তির জন্য উপ-পরিচালক বরাবরে আবেদন করবেন।

* উপ-পরিচালক পরিদর্শককে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানাবেন।

* পরিদর্শক তদন্তপূর্বক প্রতিবেদন উপ-পরিচালক বরাবরে দাখিল করবেন।

* তদন্ত প্রতিবেদন সাপেক্ষে বহন/পরিবহন পাশ ইস্যু করবেন।

গ) **মাদকদ্রব্য বহন-পরিবহন পাস (স্পিরিট )**

* বহন/পরিবহন পাশ প্রাপ্তির জন্য নির্ধারিত স্পিরিট প্রাপ্তির রাজস্ব চালানের মাধ্যেমে জমাদানপূর্বক ডিষ্টিলারী অফিসার পেশ করলে ডিষ্টিলারী অফিসার বহন/পরিবহন পাশ ইস্যু করবেন।

**ঘ) মদ্য পানের পারমিট:**

i) বিলাতী মদ ii) দেশী মদ

**ঙ) মদ্য পানের পারমিট প্রাপ্তির পদ্ধতিঃ**

* বিলাতীমদের/দেশী মদের ক্ষেত্রে নির্ধারিত ফরমে(**WWW.dnc.gv.bd (http://WWW.dnc.gv.bd)**ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে)আবেদন করতে হবে। সাথে সিটিজেন চার্টারে উল্লেখিত পরিমান রাজস্ব মাদকশুল্ক খাতে (১-২২৭৩-০০০০-১০০১) জমা প্রদানপূর্বক চালানের মুল কপি, দুই কপি ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও মুসলিম ব্যাক্তিগণ কর্তৃক মদ্যপানের ক্ষেত্রে পারমিট গহণের নিমিত্তে নুন্যতম একজন এ্যাসোসিয়েট প্রফেসর কর্তৃক এ্যালকোহল গ্রহণের যৌক্তিকতা সম্বলিত সনদপত্রসহ উপ-পরিচালক বরাবরে দাখিল করতে হবে। উপ-পরিচালক উক্ত আবেদনটি পরিদর্শক বরাবরে প্রেরণ করবেন। পরিদর্শক তদন্তপূর্বক যাচাই অন্তে তা অনুমাদনের জন্য উপ-পরিচালক বরাবরে প্রেরণ করবেন। উপ-পরিচালকের অনুমোদন সাপেক্ষে পরিদর্শক মুসলিম/ননমুসলিম পারমিট ইস্যু করবেন।

**চ) মাদকাসক্তদের চিকিৎসা সেবা প্রদান:**

অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রংপুর উপ-অঞ্চলে কোন সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নেই। তবে অধিদপ্তরের লাইসেন্সধারী ২ (দুই)টি বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র আছে। এছাড়া ঢাকায়৪০ শয্যার কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এবং প্রতিটি ৫ শয্যার চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী নিরাময় কেন্দ্রে মাদকাসক্তদের চিকিৎসা প্রদান করা হয়। নিরাময় কেন্দ্র সমূহের যোগাযোগের ঠিকানা, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার টেলিফোন নম্বর নিম্নে উল্লেখ করা হলো

| ক্রমিক নং | নিরাময় কেন্দ্রের নাম ও ঠিকানা | ঠিকানা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার পদবী | ফোন নম্বর |
|---|---|---|---|---|
| ১। | ফেরা মাদকাসক্ত ও মানসিক ব্যাধি চিকিৎসা কেন্দ্র | শ্যামলী লেন, ধাপ, রংপুর। | মোঃ আলমগীর হোসেন, পরিচালক | ০৫২১-৬২২১৩ |
| ২। | স্নেহা মাদকাসক্তি নিরাময় কেন্দ্র | আর, কে রোড, রংপুর | মোঃ মনোয়ারুল কাদির মাসুম, ব্যবস্থাপনা পরিচালক | ০১৭১৪-৬৫৫৭৪৭ |
| ৩। | কেন্দ্রীয় মাদকাসক্ত নিরাময় ও পূর্ণবাসন কেন্দ্র | ৪৪৩, তেজগাঁও, ঢাকা | চীফ কনস্যালটেন্ট | ০২-৯৮৮০২৬৯ |
| ৪। | চট্টগ্রাম মাদকাসক্ত নিরাময় কেন্দ্র | ১১৫, পাঁচলাইশ আ/এ, চট্টগ্রাম | তত্বাবধায়ক | |
| ৫। | রাজশাহী মাদকাসক্ত নিরাময় কেন্দ্র | ২০৪/২, উপ-শহর ক্যান্টনমেন্ট, রাজশাহী। | তত্বাবধায়ক | |
| ৬। | খুলনা মাদকাসক্ত নিরায়ম কেন্দ্র | ২, কেডিএ এভিনিউ, ময়লাপোতা রোড, খুলনা | তত্বাবধায়ক | |

মাদকাসক্ত যে কোন ব্যক্তিবেসরকারী/সরকারী এ নিরাময় কেন্দ্রগুলোতে চিকিৎসা সেবা ও পরামর্শ গ্রহণ করা যায়।

গ্রহণ করতে পারেন।

কীভাবে কি সেবা পাবেন.pdf (https://file-rangpur.portal.gov.bd/uploads/280b2a91-3597-4642-9a65-89d7754c243b//651/41e/87c/65141e87c0ccb603105856.pdf)

১। জনগন কর্তৃক মাদকদ্রব্য এর অপব্যবহার বা অবৈধ ভাবে তৈরি বা পাচার সংক্রান্ত অভিযোগ থাকলে সরাসরি সার্কেল পরিদর্শক কে অবহিত করবেন, সেখানে প্রতিকার না পেলে উপপরিচালককে অবহিত বা সরাসরি জানানো যাবে।

২। লাইসেন্স/পারমিট সংক্রান্ত আবেদন নির্ধারিত ফরমে উপপরিচালক বরাবর করা যাবে বা ক্ষেত্র বিশেষে মহাপরিচালক মহোদয় বরাবর করতে হবে।

৩। মাদকাসক্তি চিকিৎসা বিষয়ে অধিদপ্তর এর যেকোনো কার্যালয়ে যোগাযোগ করা যাবে।

৪। অধিদপ্তর এর কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগ তার উর্ধ্বতন কর্মকর্তা বা মহাপরিচালক বরাবর জানানো যাবে।

৫। অধিদপ্তর সম্পর্কিত বিধিসম্মত যেকোনো তথ্য উপপরিচালক বা উর্ধ্বতন কর্মকর্তার নিকট হতে জানা যাবে।

ক) মাদকদ্রব্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ লাইসেন্স প্রদানঃ

খ) মাদকদ্রব্য আমদানী/মাদকদ্রব্য জাতীয় ঔষধ রপ্তানীর লাইসেন্স প্রদানঃ

গ) মাদকদ্রব্য খুচরা বিক্রয়ের লাইসেন্স প্রদানঃ

ঘ) মাদকদ্রব্য ব্যবহারের পারমিট (লাইসেন্স) প্রদানঃ

ঙ) মদ বিক্রয়/মদ্যপানের বার লাইসেন্স প্রদানঃ

চ) খুচরা মদ বিক্রয়ের লাইসেন্স প্রদানঃ

ছ) খুচরা মদ বিক্রয়ের অফ লাইসেন্স প্রদানঃ i) পৌর এলাকায় ii) অন্যান্য এলাকায়

জ) প্রিকারসর কেমিক্যালস্ আমদানী/খুচরা বিক্রয়/ব্যবহারের পারমিট লাইসেন্স প্রদানঃ

ঝ) এ্যালকোহল উৎপাদন (ডিষ্টিলারী/বিভয়ারী) লাইসেন্স প্রদানঃ

ঞ) বেসরকারী মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র স্থাপনের লাইসেন্স প্রদানঃ